



শিহাব হত্যা মামলা □ আবু সাঈদের স্বীকারোক্তি

রাজু ও লিটন আগে থেকেই হত্যার পরিকল্পনা নেয়

আদালত প্রতিবেদক : রাজু ও লিটন আগে থেকে শিহাবকে হত্যার পরিকল্পনা করেছিল। চাকল্যকর স্কুলছাত্র শিহাব হত্যা মামলার আসামি আবু সাঈদ আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দানকালে এ তথ্য দিয়েছে।

রোববার তদন্তকারী কর্মকর্তা আসামি আবু সাঈদকে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দানের আবেদন জানান। কোর্ট জিআরও এসআই মুকতার আলী মামলার নথি ঢাকার সিএমএম মোহাম্মদ আইয়ুবের আদালতে উপস্থাপন করেন। সিএমএম আসামি আবু সাঈদের জবানবন্দি রেকর্ড করার জন্য ম্যাজিস্ট্রেট মো. শহীদুল ইসলামের আদালতে পাঠায়।

ম্যাজিস্ট্রেট মো. শহীদুল ইসলাম দুপুর ২টা থেকে সাড়ে ৫টা পর্যন্ত আবু সাঈদের জবানবন্দি রেকর্ডশেষে তাকে জেলহাজতে প্রেরণের নির্দেশ দেন।

বিশেষ সূত্রে জানা যায়, আদালতে জবানবন্দি দানকালে আবু সাঈদ বলেছে, রাজু ও লিটন আগে থেকে শিহাবকে হত্যা করার পরিকল্পনা করে। সেই থেকে তারা শিহাবকে বিভিন্ন প্রলোভন দেখিয়ে তার সঙ্গে একান্তভাবে মেলামেশা করে। ঘটনার আগে থেকে তারা পরিকল্পনা অনুযায়ী সবুজ শিহাবকে একটি সাইকেল চালাতে দিত।

সাইদ ও লিটন সাইকেলের লোড দেখিয়ে শিহাবকে টাকা বিরিয়ানী হাউসে

নিয়ে যায়। সেখানে সাঈদ ও লিটন বিরিয়ানী খায়। তাদের সঙ্গে শিহাবও খায়, পরে লিটন ও শিহাব এক রিকশায় উঠে জুলেখার নির্বাচনী রাস্তা দিয়ে যায়।

সেখানে গিয়ে তারা শিহাব বাসার খোঁজ ও টেলিফোন করার জন্য রাজু নির্দেশ দেয়। শিহাব ফোন করতে অস্বীকার করলে রাজুর নির্দেশে লিটন শিহাবকে জাপটে ধরে। সবুজ মুখ চেপে ধরে। শিহাব মাটিতে পড়ে গেলে লিটন তার পেটের ওপর বসে। সাঈদ পা ধরে এবং রাজু শিহাবকে গলা চেপে ধরে হত্যা করে।

পরে ৫৫ টাকা দিয়ে ২টা চাকু ও বাজার করার ব্যাগ কেনে। পরে তারা শিহাবকে কিভাবে কেটেছে তার বর্ণনা দিয়েছে।

৭ই ফেব্রুয়ারি মতিঝিল মডেল হাইস্কুল ও কলেজের ছাত্র শিহাবকে পূর্বপরিকল্পনা অনুযায়ী ঘাতক রাজুর (পলাতক) পরামর্শে জুলেখা মৃধার নির্বাচনী অফিসে নিয়ে হত্যা করে।

দীর্ঘ ৫২ দিন পর ডিবি পুলিশ আবু সাঈদসহ ৬ জনকে ১লা এপ্রিল গ্রেফতার করে; পরে ২রা এপ্রিল আদালতে ৭ দিনের রিমান্ড চেয়ে পাঠানো হয়। আদালত আসামি আবু সাঈদ, মনিরুল ইসলাম লিটন, রাশেদুল ইসলাম ও ফজলুল হককে ৭ দিনের রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদের আবেদন মঞ্জুর করেন।

৪ দিন রিমান্ডে থাকার পর আবু সাঈদ আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দিদানে সম্মতি জানায়।